

তথ্য কমিশনে ২৩-০৫-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০৪ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৩ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৪ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন মতিঝিল সদর দপ্তরের ব্যবস্থাপক, খুলনা পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপার, লালমনিরহাট টিএমএমএস এর শাখা ব্যবস্থাপক এবং পাবনার শহীদ এম মনসুর আলী কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরিচালক (ক্যাডার), পূর্বালী ব্যাংক লিমিটেড, মতিঝিল শাখার মানব সম্পদ বিভাগের জেনারেল ম্যানেজার এবং সিলেট সিটি কর্পোরেশনের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

লক্ষ্মীপুর অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঢাকার নবাবগঞ্জের কলাকোপা ইউনিয়ন পরিষদের সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রসেসিং সেকশনের পরিচালক এবং বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট প্রধান কার্যালয়ের উপ-পরিচালকের (প্রশাসন) বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

২৩-০৫-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd